

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, জুন ১৯, ২০২৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিল্প মন্ত্রণালয়  
প্রজ্ঞাপন

তারিখ: ৫ আষাঢ়, ১৪৩০ বঙ্গাব্দ/১৯ জুন, ২০২৩ খ্রিষ্টাব্দ।

এস. আর. ও. নং ১৯৩-আইন/২০২৩।—বাংলাদেশ স্ট্যান্ডার্ডস এন্ড টেস্টিং ইনস্টিটিউশন আইন, ২০১৮ (২০১৮ সনের ৬৭ নং আইন) এর ধারা ২১ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, বাংলাদেশ স্ট্যান্ডার্ডস এন্ড টেস্টিং ইনস্টিটিউশনের সহিত পরামর্শক্রমে, এতদ্বারা ১৪ ফাল্গুন, ১৪২৫ বঙ্গাব্দ মোতাবেক ২৬ ফেব্রুয়ারি, ২০১৯ খ্রিষ্টাব্দ তারিখের প্রজ্ঞাপন এস. আর. ও. নং ৫০-আইন/২০১৯ এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা:—

উপরি-উক্ত প্রজ্ঞাপনের তফসিলের কলাম (১) এর—

(ক) ক্রমিক নং ২ ও ৩ এবং উহাদের বিপরীতে কলাম (২) ও (৩) এ উল্লিখিত এন্ট্রিসমূহ বিলুপ্ত হইবে;

(খ) ক্রমিক নং ১০ এবং উহার বিপরীতে কলাম (২) ও (৩) এ উল্লিখিত এন্ট্রিসমূহের পরিবর্তে নিম্নরূপ ক্রমিক নং ও এন্ট্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথা:—

“১০। সুগারস্ বিডিএস সিএক্সএস ২১২:২০২”; এবং

(গ) ক্রমিক নং ১৪ এবং উহার বিপরীতে কলাম (২) ও (৩) এ উল্লিখিত এন্ট্রিসমূহের পরিবর্তে নিম্নরূপ ক্রমিক নং ও এন্ট্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথা:—

“১৪। ব্রেড বিডিএস ৩৮২:২০১৬ (তয় রিভিশন),  
অ্যামেন্ডমেন্ট-২:২০২২”।

( ৭৮২৯ )

মূল্য : টাকা ৪.০০

(২) এই প্রজ্ঞাপন সরকারি গেজেটে প্রকাশের তারিখ হইতে পরবর্তী ২ (দুই) মাস সময়কাল অতিবাহিত হইবার পরের দিন হইতে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

আহসান মাহমুদ  
সহকারী সচিব।